

## জীবন ও কর্মযজ্ঞ নিয়ে কিছু ভাবনা

□ দীপালোক ভট্টাচার্য

কর্মব্যস্ততায় পরিপূর্ণ আমাদের জীবন। ব্যস্ততার মাঝেও জীবন খুঁজে নিতে চায় একটু আনন্দ। আনন্দপূর্ণ মুহূর্ত স্মরণের মাধ্যমে আমাদের জীবন খুঁজে পায় তার প্রাণশক্তি। কাজকর্ম, অফিস, ব্যবসা, পরিবার-পরিজন, আত্মীয়-স্বজন সকলকে নিয়েই বেঁচে থাকার নামই জীবন। আর্থিক উপার্জনের আশায় প্রত্যেকে ব্যস্ত নিজ নিজ পরিবারের মুখে অন্ন যোগাতে। আধুনিকতার স্পর্শে আনন্দপূর্ণ মুহূর্তগুলি যেমন মাপছাড়া হয়ে যায় আজকের এই ডিজিটাল যুগে সকলই ব্যস্ত আধুনিকতায়। সময়ের অভাবে কমে যাচ্ছে শিশু-কিশোর-তরুণ-তরুণীদের খেলাধুলা, ভ্রমণ। মানুষ তার নিত্যদিনের কাজকর্মের ফলে হারিয়ে ফেলছে তার আনন্দপূর্ণ মুহূর্তগুলো। তবুও আমরা সকলে অঙ্গীকারবদ্ধ থাকি ব্যস্ততার মাঝেও চাওয়া-পাওয়া সবকিছুকে নিয়ে এগিয়ে যেতে। ব্যস্ততা, কর্মজীবন তো থাকবেই তবুও সবাই মিলে আনন্দপূর্ণ মুহূর্তগুলো সঙ্গে করে নিয়ে জীবন উপভোগ করার নামই বেঁচে থাকা।